সংবাদ

20 OCT 2016

ঢাবি ভর্তি পরীক্ষা

# 'চ' ইউনিটে ৯৮ শতাংশই অকৃতকার্য

বিশ্ববিদ্যালয় বার্তা পরিবেশক

২০১৬-১৭ শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) 'চ' ইউনিট চারুকলা অনুষদের ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়েছে। এতে ৯৮ শতাংশ শিক্ষার্থীই অকৃতকার্য হয়েছে। গতকাল দুপুরে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ভর্তি অফিসে উপাচার্য অধ্যাপক ড. আআমস আরেফিন সিদ্দিক আনুষ্ঠানিকভাবে এ ফল প্রকাশ করেন।

গত ২৪ সেপ্টেম্বর ২০১৬ শনিবার চ-ইউনিটের সাধারণ জ্ঞান এবং ১ অক্টোবর ২০১৬ শনিবার অংকন পরীক্ষা ভর্তি : পৃষ্ঠা : ২ ক : ১

## ভর্তি : পরীক্ষা

(১৬ পৃষ্ঠার পর)

অনুষ্ঠিত হয়। ভর্তিচ্ছু মোট ১০ হাজার ২৪৮ জন ছাত্র-ছাত্রীর মধ্যে ৮ হাজার ৪২১ জন পরীক্ষায় অংশগ্রহণ করে। এর মধ্যে ২০৮ জন উত্তীর্ণ হয়েছে। এর মধ্যে আসন সংখ্যা রয়েছে ১৩৫টি।

ভর্তি পরীক্ষায় পাসকৃত ছাত্র-ছাত্রীদেরকে আগামী ২৩ অক্টোবর থেকে ৩০ অক্টোবরের মধ্যে বিষয় পছন্দক্রম ফরম পূরণ করতে হবে। কোটায় আবেদনকারীদের ২৩ অক্টোবর হতে ৩০ অক্টোবরের মধ্যে কোটার ফরম চারুকলা অনুষদের ডিন অফিস থেকে সংগ্রহ করে তা পূরণ করে জমা দিতে হবে। ফল নিরীক্ষণের জন্য ফি প্রদান সাপেক্ষে ২০ অক্টোবর থেকে ২৭ অক্টোবরের মধ্যে ডিন অফিসে আবেদন করা যাবে।